# মডেল টেস্ট– ১৮

## বিষয় : বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**নিচের কবিতাংশ পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

অনন্ত অসীম প্রেমময় তুমি
বিচার দিনের স্বামী
যত গুণগান হে চির মহান
তোমারি অন্তর্যামী।
দ্যুলোকে-ভূলোকে সবারে ছাড়িয়া
তোমারি চরণে পড়ি লুটাইয়া
তোমারি সকাশে যাচি হে শকতি
তোমারি করুণাকামী।
সরল সঠিক পুণ্য পন্থা
মোদের দাও গো বলি
চালাও সে পথে যে পথে তোমার
প্রিয়জন গেছে চলি।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) কবিতাংশটিতে কী সম্পর্কে বলা হয়েছে?

ক) স্রষ্টার কঠোরতা খ) স্রষ্টার করুণা
গ) স্রষ্টার মহিমা ঘ) স্রষ্টার শক্তি

(ii) আমরা সৃষ্টিকর্তার কাছে শক্তি চাইব কেন?

ক) তিনি শক্তিদাতা ও করুণাময় খ) তিনি চিরকল্যাণকর
গ) তিনি শক্তি রাখেন ঘ) তিনি আমাদের পছন্দ করেন

(iii) 'প্রার্থনা' কবিতার প্রথম চরণে কবি স্রষ্টাকে কী বলে সম্বোধন করেছেন?

ক) মহাচালক খ) অনন্ত অসীম
গ) অন্তর্যামী ঘ) করুণাকামী

(iv) 'প্রার্থনা' কবিতার কবি কোন পথে চলতে চান?

ক) পরিতাপের খ) জ্ঞানের
গ) আল্লাহর প্রিয়জনের ঘ) আলোর

(v) 'তোমারি চরণে পড়ি লুটাইয়া'– একথার ভাবার্থ কী?

ক) তোমার নিকট বিচার চাই
খ) তোমার নিকট কৈফিয়ত চাই
গ) তোমার নিকট আত্মসমর্পণ করি
ঘ) তোমার নিকট সাহায্য চাই

Teachingbd.com

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) বিচার দিনের স্বামী কে?

(খ) অন্তর্যামী কে? কেন তাঁকে অন্তর্যামী বলা হয়েছে?

(গ) 'যাচি' শব্দের অর্থ কী? আমরা সৃষ্টিকর্তার নিকট শক্তি যাচি কেন?

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

(ক) অনন্ত; (খ) অসীম; (গ) দ্যুলোক; (ঘ) ভূলোক; (ঙ) করুণাকামী।

৪। প্রদত্ত কবিতাংশটুকুর মূলভাব লেখ : ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

১৯৪৭ সাল থেকে শুরু করে দীর্ঘ ২৪ বছর পাকিস্তানিরা আমাদের সাংস্কৃতিক, অর্থনৈতিক ও রাজনৈতিকভাবে শোষণ করে। ১৯৫২ সালে রাষ্ট্রভাষা বাংলার পরিবর্তে উর্দু করতে চাইলে বাঙালি প্রতিবাদ জানায়। রক্তের বিনিময়ে অর্জিত হয় মাতৃভাষার অধিকার। ১৯৭১ সালে ২৫এ মার্চ রাতে পাকিস্তানি হায়েনারা ঝাঁপিয়ে পড়ে ঘুমন্ত নিরীহ বাঙালির ওপর। ২৬এ মার্চ দেশের স্বাধীনতা ঘোষিত হয়। দেশের আপামর জনসাধারণ ঝাঁপিয়ে পড়ে যুদ্ধে। বাংলাদেশ আজ মুক্ত। ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর আমরা বিজয় অর্জন করি। এই অর্জন খুব সহজে ঘটেনি। লক্ষ প্রাণের বিনিময়ে আমরা দেশমাতৃকাকে মুক্ত করেছি। বীরের পবিত্র রক্তস্রোত আর মাতার অশ্রুধারায় স্বাধীন জাতি হিসেবে আত্মপ্রকাশ ঘটেছে বাংলাদেশের। এজন্য জীবন দিতে হয়েছে নূর মোহাম্মদ শেখ, মুন্সী আবদুর রউফ, মোস্তফা কামাল, মতিউর রহমান, মোহাম্মদ রুহুল আমিনসহ অসংখ্য বীরদের। বীরশ্রেষ্ঠ খেতাব পেয়েছেন সাতজন বীর। আমরা তাঁদের শ্রদ্ধা করি। তাঁরা আমাদের গৌরব।

Teachingbd.com

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটিতে কোন বিষয় ফুটে উঠেছে?

ⓚ সিপাহি বিদ্রোহ ⓚ গণঅভ্যুত্থান

ⓖ মুক্তিযুদ্ধ ⓘ সামরিক শাসন

(ii) বীর মুক্তিযোদ্ধারা দেশের জন্য কীভাবে অবদান রেখেছেন?

ⓚ আহতদের সেবা করে ⓚ জীবন উৎসর্গ করে

ⓖ রাজাকারদের হত্যা করে ⓘ পাকসেনাদের বন্দী করে

(iii) মুন্সী আবদুর রউফ কীভাবে জীবন দিয়েছেন?

ⓚ হানাদার ক্যাম্প জ্বালিয়ে দিতে গিয়ে

ⓚ মিছিল করতে গিয়ে

ⓖ মাইন বসাতে গিয়ে

ⓘ দেশের জন্য যুদ্ধ করে

(iv) নূর মোহাম্মদ, মুন্সী আবদুর রউফ, রুহুল আমিন এঁরা সবাই—

ⓚ গেরিলা যোদ্ধা
ⓚ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সদস্য
ⓖ শহিদ বীর মুক্তিযোদ্ধা
ⓖ পুলিশ বাহিনীর সদস্য

(v) ১৬ই ডিসেম্বর আমাদের—

ⓚ স্বাধীনতা দিবস
ⓚ বিজয় দিবস
ⓖ শহিদ দিবস
ⓖ মুক্তি দিবস

৬। নিচে কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| শ্রদ্ধা | সম্মান, আদব |
| অশ্রু | চোখের পানি |
| লক্ষ | লাখ, ১০০ হাজার |
| অসংখ্য | গণনা করে শেষ করা যায় না এমন |
| স্বাধীন | মুক্ত, আজাদ |
| রক্তস্রোত | রক্তের প্রবাহ |

(ক) দেশের স্বাধীনতার জন্য অনেক মাকে ——— বিসর্জন দিতে হয়েছে।

(খ) দাবিটা আদায় হয়েছে ——— প্রাণের বিনিময়ে।

(গ) আমাদের পরিচয় আমরা ——— জাতি।

(ঘ) দেশকে স্বাধীন করতে ——— বীর শহিদ হয়েছেন।

(ঙ) আমরা পিতামাতাকে সব সময় ——— করব।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) ১৯৭১ সালে কেন মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছিল? পাঁচটি বাক্যে লেখ।

(খ) ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর স্মরণীয় কেন? পাঁচটি বাক্যে লেখ।

(গ) বীরশ্রেষ্ঠ কয়জন? ৫ জন বীরশ্রেষ্ঠের নাম লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) ঙ্ক; (খ) স্ক; (গ) স্থ; (ঘ) দ্র; (ঙ) ন্ড।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

বাংলাদেশের জনজীবন তাই ভারি বৈচিত্র্যময় এই দেশকে তাই ঘুরে ঘুরে দেখা দরকার কোথায় পাহাড় কোথায় নদী কোথায়-বা এর সমুদ্রের বেলাভূমি

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) বাংলাভাষী অধিবাসী

(খ) কিছুতেই ভয় নেই যার

(গ) হাতির ডাক

(ঘ) যার মমতা নেই

(ঙ) পাখির ডাকাডাকির আওয়াজ

Teachingbd.com

*অথবা,* নিচের ক্রিয়াপদগুলোর চলিত রূপ লেখ :

(ক) হইলো; (খ) ডাকিয়াছিল; (গ) পারিবে; (ঘ) হাঁটিতে; (ঙ) চমকাইয়া।

১১। নিচের বাক্যগুলোর দাগ দেওয়া শব্দের বিপরীত শব্দ লেখ : ১×৫=৫

(ক) একদিন আমরা পরাধীন ছিলাম।

(খ) পরীক্ষা আরম্ভ হলো।

(গ) ঔষধ খেলে আমার যন্ত্রণা কমে।

(ঘ) পাকিস্তানিরা বুঝেছিল যে,তাদের পরাজয় অবধারিত।

(ঙ) দূর থেকে জানালা খোলা দেখা যায় না।

*অথবা,* প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :

(ক) কাক; (খ) রাত; (গ) পাখি; (ঘ) কবুতর; (ঙ) সাহসী।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কবিতার লাইনগুলো পরপর সাজিয়ে লেখ : ৬

কেমন করে ঘুরছে মানুষ
দেখব এবার জগৎটাকে,
থাকব নাক বন্ধ ঘরে
যুগান্তরের ঘূর্ণিপাকে।
ছুটছে তারা কেমন করে,
দেশ হতে দেশ দেশান্তরে

(খ) কবিতার অংশটুকু কোন কবিতা থেকে নেয়া হয়েছে তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কী? ১

(ঘ) কবি বন্ধ ঘরে থাকতে চান না কেন? ২

১৩। মনে কর, তুমি আশিকুর রহমান। সাংস্কৃতিক সংগঠনে অংশগ্রহণ করতে আগ্রহী। এখন প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর : ৫

**সূর্যমুখী সংঘ**

[অলাভজনক সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন]

মহান বিজয় দিবস উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ছবি

নং- ১১৮

অংশগ্রহণের পরিচয়পত্র

১. নাম :

২. পিতার নাম :

৩. স্কুলের নাম :

৪. বয়স :

৫. বর্তমান ঠিকানা :

.................... .................... ....................

কর্তৃপক্ষের স্বাক্ষর অভিভাবকের স্বাক্ষর পরিচয়পত্রধারীর স্বাক্ষর

Teachingbd.com

১৪। মনে কর তোমার নাম আদিয়া। তুমি কুমিল্লার বিজয়তলা প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়। এখন, বৃক্ষমেলা পরিদর্শনের জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখ। ৫

*অথবা,* মনে কর, তোমার নাম সৌরভ/সুজানা। তুমি ঢাকায় লেখাপড়া করছ। তোমার জীবনের লক্ষ্য জানিয়ে তোমার মায়ের নিকট একটি পত্র লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) কম্পিউটার শিক্ষার প্রয়োজনীয়তা : ভূমিকা – কম্পিউটার আবিষ্কার – সুবিধা – অসুবিধা – উপসংহার।

(খ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী : ভূমিকা – জন্ম ও শৈশবকাল – কর্মজীবন – রাজনৈতিক আদর্শ – উপাধি – কাগমারি সম্মেলন – অন্যান্য অবদান – মৃত্যু – উপসংহার।

(গ) অধ্যবসায় : ভূমিকা – অধ্যবসায়ের সুফল – ছাত্রজীবনে অধ্যবসায় – অধ্যবসায় ও প্রতিভা – অধ্যবসায়ের দৃষ্টান্ত – উপসংহার।

(ঘ) বাংলাদেশের নদ-নদী : সূচনা – কৃষিকাজে নদীর গুরুত্ব – যোগাযোগে নদীর প্রভাব – বিদ্যুৎশক্তি ও খাদ্যের উৎস – জলবায়ুর উপর নদ-নদীর প্রভাব – উপসংহার।

## মডেল টেস্ট - ১৮ এর উত্তরমালা

১। (i) ⓖ স্রষ্টার মহিমা; (ii) ⓚ তিনি শক্তিদাতা ও করুণাময়; (iii) ⓚ অনন্ত অসীম; (iv) ⓖ আল্লাহর প্রিয়জনের; (v) ⓖ তোমার নিকট আত্মসমর্পণ করি।

২। (ক) বিচার দিনের স্বামী সৃষ্টিকর্তা।

(খ) অন্তর্যামী সৃষ্টিকর্তা।
সৃষ্টিকর্তা আমাদের মনের সব কথা জানেন বলেই তাঁকে অন্তর্যামী বলা হয়েছে।

(গ) 'যাচি' শব্দের অর্থ প্রার্থনা করা।
সৃষ্টিকর্তা সর্বশক্তিমান। তাই তাঁর কাছে আমরা শক্তি ও সাহস প্রার্থনা করি।

৩। (ক) যার শেষ নেই; (খ) যার সীমা নেই; (গ) স্বর্গ; (ঘ) পৃথিবী; (ঙ) যে দয়া কামনা করে।

৪। সৃষ্টিকর্তার অপার মহিমা সম্পর্কে আলোচ্য কবিতাংশে বলা হয়েছে। সৃষ্টিকর্তা অনন্ত, অসীম। পরম করুণাময় মহান সৃষ্টিকর্তা প্রেমময় ও সর্বশক্তিমান। তাঁর কাছে প্রার্থনা করে শক্তি ও সাহস। একমাত্র তিনিই আমাদের সরল, সঠিক ও পূর্ণ পথে রাখতে পারেন। সর্বাবস্থায় আমরা তাঁর গুণকীর্তন করি।

৫। (i) ⓖ মুক্তিযুদ্ধ; (ii) ⓚ জীবন উৎসর্গ করে; (iii) ⓘ দেশের জন্য যুদ্ধ করে; (iv) ⓖ শহিদ বীর মুক্তিযোদ্ধা; (v) ⓚ বিজয় দিবস।

http://teachingbd.com

৬। (ক) অশ্রু; (খ) লক্ষ; (গ) স্বাধীন; (ঘ) অসংখ্য; (ঙ) শ্রদ্ধা।

৭। (ক) পশ্চিম পাকিস্তানি শাসকেরা আমাদের সবদিক থেকে বঞ্চিত করে রেখেছিল। ১৯৪৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত দীর্ঘ প্রায় ২৪টি বছর তারা আমাদের নির্মমভাবে শোষণ করে। দেশের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক সর্বক্ষেত্রে তাদের প্রাধান্য ছিল একচেটিয়া। ফলে পূর্ব পাকিস্তান অর্থাৎ বাংলাদেশে বিক্ষোভ দানা বাঁধে। চূড়ান্ত পর্যায়ে তা যুদ্ধে রূপ নেয় এবং মুক্তিযুদ্ধ সংঘটিত হয়।

(খ) ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর আমরা বিজয় অর্জন করি। লক্ষ প্রাণের বিনিময়ে আসে আমাদের এই বিজয়। ১৯৭১ সালের ২৫এ মার্চ রাত থেকে ১৬ই ডিসেম্বর পর্যন্ত দীর্ঘ ৯ মাস যুদ্ধ হয়। এই যুদ্ধে বাঙালি জাতির অকুতোভয় বীর মুক্তিযোদ্ধারা অংশগ্রহণ করেন এবং আত্মাহুতি দেন। লাখো বীরের পবিত্র রক্তস্রোত আর মায়ের অশ্রুধারায় এই দিনে স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ ঘটে বাংলাদেশের। তাই এ দিনটি আমাদের কাছে স্মরণীয়।

(গ) বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য ৭ জনকে বীরশ্রেষ্ঠ উপাধিতে ভূষিত করা হয়। নিম্নে ৫ জন বীরশ্রেষ্ঠের নাম লেখা হলো—

১. বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ
২. বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ
৩. বীরশ্রেষ্ঠ মোহাম্মদ রুহুল আমিন
৪. বীরশ্রেষ্ঠ মতিউর রহমান
৫. বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল।

Teachingbd.com

৮।

| প্রদত্ত যুক্তবর্ণ | বিভাজন | বাক্য |
|---|---|---|
| (ক) ষ্ক | ষ্ + ক | মাটি খুঁড়ে আবিষ্কার করা হয় সুপ্রাচীন জনপদ। |
| (খ) স্কৃ | স্ + ক + ৃ (ঋ-কার) | ধর্মীয় সংস্কৃতির অপূর্ব নিদর্শন পাহাড়পুর। |
| (গ) স্থ | স্ + থ | সুস্থ থাকার জন্য নিয়মিত খাওয়া-দাওয়া করতে হয়। |
| (ঘ) ন্দ্র | ন্ + দ + ্র (র-ফলা) | কেন্দ্র থেকে বৃত্তের উৎপত্তি হয়। |
| (ঙ) ন্ড | ন্ + ড | গ্রান্ড ট্রাঙ্ক রোড খুবই বিখ্যাত। |

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ২ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) বাঙালি; (খ) অকুতোভয়; (গ) বৃংহিত; (ঘ) নির্মম; (ঙ) কিচির মিচির।

*অথবা,* (ক) হলো; (খ) ডেকেছিল; (গ) পারবে; (ঘ) হাঁটতে; (ঙ) চমকে।

১১। (ক) স্বাধীন; (খ) শেষ; (গ) আরাম; (ঘ) জয়; (ঙ) বন্ধ।

*অথবা,* (ক) বায়স; (খ) রজনী; (গ) পক্ষী; (ঘ) কপোত; (ঙ) নির্ভীক।